যায়যায়দিন

তারিখ 20 JAN 2009
পৃষ্ঠা ২ কলাম ১

# ছাত্রলীগের প্রতি শেখ হাসিনার কঠোর হুশিয়ারি

যাযাদি ডেস্ক



যে কোনো মূল্যে দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শান্তিপূর্ণ অবস্থা বজায় রাখতে ছাত্রলীগকে কঠোর নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি মাহমুদ হাসান রিপন ও সাধারণ সম্পাদক মাহফুজুল হায়দার চৌধুরী রোটনকে গতকাল ডেকে নিয়ে প্রধানমন্ত্রী এ নির্দেশ দেন।

ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদককে ডেকে প্রধানমন্ত্রী সাফ

পৃ২ ››› ক১

## ছাত্রলীগের প্রতি

*(প্রথম পৃষ্ঠার পর)*

জানিয়ে দিয়েছেন, কোনো ধরনের সমস্যা সৃষ্টি করতে চাইলে সঙ্গে সঙ্গে ব্যবস্থা নিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে নির্দেশ দেয়া হয়েছে। ছাত্রলীগকে নিজেদের মধ্যে অথবা অন্য সংগঠনের সঙ্গে বিরোধে জড়িয়ে না পড়তে নির্দেশ দেন তিনি। ফোকাস বাংলা।

সূত্র জানায়, বেশ কয়েকদিন ধরে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান অস্থির হয়ে পড়েছে। ছাত্রলীগ নিজেদের মধ্যে সংঘাতে জড়িয়ে পড়ছে। আবার কোথাও ছাত্রলীগের অভ্যন্তরীণ কোন্দল বা ভাইস চ্যান্সেলরের পদত্যাগের দাবিতে ক্যাম্পাসে সহিংস আচরণ করছে ছাত্রলীগের নেতাকর্মীরা। এসব কারণে গঠনতন্ত্র অনুযায়ী ছাত্রলীগের সাংগঠনিক নেত্রী ও প্রধানমন্ত্রী ছাত্রলীগের ওপর ক্ষুব্ধ হয়েছেন। এর জের ধরেই তিনি ছাত্রলীগের নেতাদের ডেকে শাসিয়ে দেন।

ছাত্রলীগের কেন্দ্রীয় সংসদের সেক্রেটারি মাহফুজুল হায়দার চৌধুরী রোটন জানিয়েছেন, প্রধানমন্ত্রী সুস্পষ্ট ভাষায় বলেছেন, শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার জন্য এবং সন্ত্রাসমুক্ত শিক্ষাঙ্গন গড়ে তোলার জন্য। তিনি প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্ঠানে সহনশীল আচরণ এবং সহাবস্থান নিশ্চিতকরণের জন্য ছাত্রলীগ ও দেশের ছাত্র সমাজকে নির্দেশ দিয়েছেন। এদিকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হুশিয়ারি পেয়ে ছাত্রলীগের কেন্দ্রীয় নেতারা দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রলীগ সভাপতি ও সাধারণ সম্পাদককে ঢাকায় তলব করেছে। আজ সকাল ১১টায় তাদের সঙ্গে কেন্দ্রীয় কমিটি বৈঠক করবে বঙ্গবন্ধু এভিনিউয়ের কার্যালয়ে।